

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১১৯

আগরতলা, ১৫ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

পশ্চিম ত্রিপুরা জেলায় ১৭ এপ্রিল বিকেল ৫টা থেকে
২০ এপ্রিল সকাল ৬টা পর্যন্ত ১৪৪ ধারায় বিধিনিষেধ

আসন্ন লোকসভা নির্বাচনে পশ্চিম ত্রিপুরা জেলার ৭৯৩টি ভোটকেন্দ্রে ১৯ এপ্রিল, ২০২৪ সকাল ৭টা থেকে বিকাল ৫টা পর্যন্ত ভোটগ্রহণ করা হবে। জনসভা, মিছিল ইত্যাদির মাধ্যমে নির্বাচনী সরব প্রচার ১৭ এপ্রিল, ২০২৪ এর বিকাল ৫টায় শেষ হবে। সেই নিরিখে কোন অশুভ শক্তি যাতে রাজনৈতিক সুবিধা নেওয়ার উদ্দেশ্যে নির্বাচকদের মধ্যে টাকা ও অন্যান্য পারিতোষিক বন্টন করতে না পারে এবং সমাজবিরোধীরা যেন শান্তি, শৃঙ্খলা ভঙ্গ করতে না পারে সেজন্য পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার সিপিসি-১৯৭৩ এর ১৪৪ ধারায় অস্ত্রসহ কিংবা অস্ত্রছাড়া বা লাঠি, লোহার রড, বাঁশ, পাথর নিয়ে পাঁচ বা ততোধিক লোকের জমায়েতের উপর নিষেধাজ্ঞা জারি করেছেন। তিনি ভোট কেন্দ্রের ২০০ মিটারের মধ্যে এবং পশ্চিম ত্রিপুরা জেলার মধ্যে লাউড স্পীকার সহ কিংবা লাউড স্পীকার ছাড়া জনসভা, র্যালি, জমায়েত, জনসভায় ভাষণ দেওয়ার উপর নিষেধাজ্ঞা জারি করেছেন। এই নিষেধাজ্ঞার মধ্যে দুই বা ততোধিক মোটর বাইক বা যানবাহন চলাচলও রয়েছে। তাছাড়া নির্বাচনের দিন ভোটের এবং দায়িত্বপ্রাপ্ত নির্বাচন আধিকারিকের অনুমতিপত্র ছাড়া কেউ ভোটকেন্দ্রে প্রবেশ করতে পারবে না। নির্বাচন কমিশনের নির্দেশিকা অনুযায়ী অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচন নিশ্চিত করার পক্ষেই এই নিষেধাজ্ঞা জারি করা হয়েছে।

এই নিষেধাজ্ঞার আওতার বাইরে থাকবে - ১) নির্বাচন সংক্রান্ত কাজে নিযুক্ত নির্বাচন কর্মী, সিএপিএফ, পুলিশ, তাদের ব্যবহৃত যানবাহন, ড্রাইভার, ক্লিনার ও উপযুক্ত অনুমতিপত্র সহ সাংবাদমাধ্যমের কর্মীগণ ২) পায়ে হেঁটে বা নিজের বাহন নিয়ে ভোট দিতে আসা নির্বাচকরা বা নির্বাচন কেন্দ্রের প্রাঙ্গণে ভোট দিতে দাঁড়িয়ে থাকা নির্বাচকরা, ৩) সচিত্র পরিচয়পত্র বহনকারী সেইসব নির্বাচক যারা নিজেদের গাড়িতে পরিবারের সদস্যদের নিয়ে ভোটকেন্দ্রের ২০০ মিটার পরিধির বাইরে পর্যন্ত আসবেন। তবে পরিবারের সদস্য ভিন্ন অন্যদের গাড়িতে করে আনা যাবে না। ৪) দায়িত্বে থাকা সরকারি কর্মচারি/সিএপিএফ/সশস্ত্র নিরাপত্তা কর্মী, ৫) দিনের বেলা শিক্ষাগত কারণে শিক্ষা প্রতিষ্ঠানে জমায়েত, ৬) সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানের নিয়মিত কাজে নিযুক্ত কর্মচারি, ৭) ভোট দেওয়ার জন্য ভোট কেন্দ্রে নিয়ে যাওয়া ছাড়া স্বাভাবিক যাত্রীবাহী যান, ৮) কোন ধর্মীয় স্থানে ধর্মীয় অনুষ্ঠানের কারণে হওয়া জমায়েত বা সামাজিক অনুষ্ঠান যেমন, বিবাহ, জন্মদিন ইত্যাদি, তবে এসব অনুষ্ঠানে নগদ টাকা বা বস্তু জাতীয় কিছু বিলি করা যাবে না, ৯) রাজনৈতিক বা অপরাধজনিত জমায়েত ছাড়া বাজার/ ধর্মীয় প্রতিষ্ঠানের দৈনন্দিন বা স্বাভাবিক কাজকর্ম, ১০) রিটার্নিং অফিসার কিংবা কোন উপযুক্ত নির্বাচন কর্তৃপক্ষ দ্বারা অনুমোদনপ্রাপ্ত নির্বাচন প্রার্থীর ব্যবহৃত যান, ১১) দর্শনার্থী/ভোটদারদের কারো মাধ্যমে পানীয়জল দান, ১২) দিব্যাঙ্গজন ভোটদারদের ভোটদান প্রক্রিয়াকে সুগম করতে তাদের হুইলচেয়ারের সুবিধা দেওয়া হবে।

জেলাশাসকের এই আদেশ ১৭ এপ্রিল, ২০২৪ এর বিকাল ৫:০০ টা থেকে ২০ এপ্রিল, ২০২৪ সকাল ৬টা পর্যন্ত বলবৎ থাকবে। আদেশ অমান্যকারীর বিরুদ্ধে আইপিসি-র ১৮৮ ধারায় শাস্তিযোগ্য ব্যবস্থা নেওয়া যাবে।
